# মানুষের ভালোবাসা

অপরাহ্নবেলা শেষ সে বসেছে জানালার ধারে
চোখ তার নীলাকাশ ছুঁয়ে ফের
ফিরে আসে মাটির আধারে।
ধূলো মেখে পড়ে আছে বেহালার ছড়
ইতস্ততঃ ছবি ভাসে ঘরের ভেতর।
পায়ের তলায় নদী নিরন্তর নিয়ে যায় তাকে
দূর হতে বহুদূরে, চোখে তার ছায়াপথ আঁকে।
পথে ও প্রান্তরে কিছু অভ্রকুচি ছড়ানো ছিটানো
টুং টাং শব্দ তোলে একা হলে স্মৃতির পিয়ানো
এই সব নিয়ে তার কাটে বসে নির্জন সময়
আজ তার কিছু নেই, নেই কোন জয় পরাজয়,
এখন সে বসে আছে মুখোমুখি চৈত্রের ঝড়ে
জ্যোৎস্না হয়ে মুখে তার পড়ে।

মৃত্যুঞ্জয় কুণ্ডু

সৃষ্টিসন্ধান
Phone: 98302 43310
email: editor@srishtisandhan.com